



নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



স্মারক নং- মশবিম/নানিপ্রমাসেপ্র/ ১০৪/২০১৭-৫১

তারিখ : ০২/০৩/২০১৭

বিষয়ঃ নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল টোলফ্রি হেল্পলাইন ১০৯ প্রচার।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রামের আওতায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন সেন্টার গত ২০১২ সালের ১৯ জুন প্রতিষ্ঠা করা হয়েছে। উক্ত সেন্টারে ১০৯২১ নম্বরটি টোলফ্রি হেল্পলাইন হিসেবে চালু করা হয়। ইতোমধ্যে হেল্পলাইনের মাধ্যমে নির্যাতনের শিকার নারী ও শিশু, তাদের পরিবার এবং সংশ্লিষ্ট অন্যান্য সকলে প্রয়োজনীয় তথ্য, পরামর্শসহ দেশে বিরাজমান সেবা এবং সহায়তা সম্পর্কে জানতে পারেন। বাল্যবিবাহ বন্ধ, যৌন হয়রানি প্রতিরোধ, নির্যাতনের শিকার নারী ও শিশুকে উদ্ধারের ক্ষেত্রে হেল্পলাইন সেন্টার কার্যকরী ভূমিকা পালন করছে। উল্লেখ্য যে, ২০১৭ সালের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ের পাঠ্যপুস্তকের কভারে ১০৯২১ নম্বরটি সন্নিবেশ করা হয়েছে।


২। নির্যাতনের শিকার নারী ও শিশুর অধিকাংশ দেশের বিভিন্ন প্রত্যন্ত অঞ্চল হতে সহায়তায় এই হেল্পলাইনে ফোন করেন। হেল্পলাইন ৫ ডিজিটের হওয়ায় এই সংখ্যাটি সকলের নিকট তাৎক্ষণিকভাবে মনে রাখা সম্ভব হয় না। এছাড়াও বর্তমানে আন্তর্জাতিকভাবে ৩ ডিজিটের হেল্পলাইন জরুরী সেবা হিসেবে বিবেচিত। এতদ্বশ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন সেন্টার এর ১০৯২১ নম্বরটি ১লা মার্চ ২০১৭ খ্রিঃ তারিখে পরিবর্তন করে ১০৯ করা হয়েছে। নির্যাতনের শিকার নারী ও শিশুর সহায়তার লক্ষ্যে যে কোন মোবাইল ও অন্যান্য ফোন থেকে সরাসরি টোলফ্রি ১০৯ নম্বরে ফোন করা যায়।

৩। বর্ণিত অবস্থায়, টোলফ্রি ১০৯ নম্বরটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য সবিনয় করছি।

বিষয়টি অতীব জরুরী।

উপজেলা নিবাহী কর্মকর্তা (সকল)

আপনার অনুগত

 ০২/০৩/২০১৭

ড. আবুল হোসেন

প্রকল্প পরিচালক

ইমেইল: chossain2019@yahoo.com

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

৩৭/৩ ইন্টারন্যাশনাল রোড, ঢাকা-১০০০, ফোন : ৮৩২১০৪১, ৯৩৫২৪৫০, ৮৩২২২৬৭, ফোন/ফ্যাক্স : ৯৩৪২৪২৪, মোবাইল : ০১৭০৭৮১০৪০৪, ০১১৯৯৮১০৪০৪